

বাংলাদেশ দূতাবাস
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিউল, দক্ষিণ কোরিয়া



Embassy of
the People's Republic of Bangladesh
Seoul, Republic of Korea

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, সিউল-এ যথাযোগ্য মর্যাদায় 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস পালন

বাংলাদেশ দূতাবাস, সিউল-এ যথাযোগ্য মর্যাদায় আজ 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস পালন করা হয়। অনুষ্ঠানে দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং কোরিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণ অংশগ্রহণ করেন।

এদিন সকালে দক্ষিণ কোরিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ দেলওয়ার হোসেন দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে দূতাবাস প্রাঙ্গণে জাতীয় সংগীত সহযোগে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং জাতির পিতার ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করেন। দূতাবাসের কর্মকর্তাবৃন্দ দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করেন। অনুষ্ঠানে জাতির পিতার ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের ওপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। পরবর্তীতে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ঐতিহাসিক প্রেক্ষাপট ও তাৎপর্য বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

রাষ্ট্রদূত জনাব মোঃ দেলওয়ার হোসেন তাঁর বক্তব্যের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়া তিনি মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর মুক্তিযোদ্ধা ও নির্যাতিতা বীরাজনাদের অবদানের কথা সশ্রদ্ধচিত্তে স্মরণ করেন। জাতির পিতার ঐতিহাসিক ৭ই মার্চ ভাষণ সম্পর্কে বলেন, এ ভাষণ বাংলাদেশের স্বাধীনতা অর্জনে বাঙ্গালি জাতিকে অনুপ্রাণিত ও ঐক্যবদ্ধ করেছিল। তিনি আরো বলেন, জাতির পিতার ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের আন্তর্জাতিক স্বীকৃতি বাঙ্গালি জাতির জন্য বিরল সম্মান ও গৌরবের বিষয় এবং ঐতিহাসিক এ ভাষণ শুধু আমাদের জন্য নয়, বিশ্বব্যাপী স্বাধীনতাকামী মানুষের জন্যও প্রেরণার চিরন্তন উৎস হয়ে থাকবে।

সিউল, ০৭ মার্চ ২০২৪।

